



কোভিড-১৯ আক্রান্ত রোগীর সংজ্ঞা (Case Definition)ঃ

কোভিড-১৯ রোগে আক্রান্ত অধিকাংশ মানুষ সামান্য মাত্রায় রোগ লক্ষণে ভুগে সুস্থ হয়ে যান তবে ১৪% রোগীর শারীরিক অবস্থা খারাপ হয়ে যেতে পারে এবং অক্সিজেন সাপোর্টসহ হাসপাতালে ভর্তি হবার প্রয়োজন হতে পারে এবং ৫% মানুষের শারীরিক অবস্থা অতিমাত্রায় খারাপ হয়ে যাবার কারণে আইসিইউ তে রাখার প্রয়োজন হতে পারে। বার্ধক্য ও অন্যান্য দীর্ঘমেয়াদী রোগের উপস্থিতি (ডায়াবেটিস, হৃদরোগ, ফুসফুসের দীর্ঘমেয়াদী রোগ ইত্যাদি) কোভিড-১৯ রোগে আক্রান্তদের মৃত্যু ঝুঁকি বাড়িয়ে দেয়।

সংজ্ঞাঃ

✓ সন্দেহভাজন রোগী (Suspected Case):

- শ্বাসতন্ত্রের প্রদাহ জনিত অসুস্থ রোগী (জ্বর এবং শ্বাসতন্ত্রের রোগের কমপক্ষে একটি লক্ষণ যেমন কাশি বা শ্বাসকষ্ট) এবং বিগত ১৪ দিনের মাঝে স্থানীয়ভাবে কোভিড-১৯ ছড়িয়ে পড়েছে এমন কোনও দেশ বা অঞ্চলে অবস্থান বা ভ্রমণ এর ইতিহাস আছে অথবা
- যে কোনও শ্বাসতন্ত্রের প্রদাহ জনিত অসুস্থ রোগী এবং যিনি বিগত ১৪ দিনে লক্ষণগুলো প্রকাশ পাবার পূর্বে COVID-19 রোগের আক্রান্ত নিশ্চিত হওয়া বা সম্ভাব্য রোগীর সংস্পর্শে (নীচে সংস্পর্শের সংজ্ঞা দেখুন; অথবা
- গুরুতর শ্বাসতন্ত্রের প্রদাহ জনিত অসুস্থ রোগী (জ্বর এবং শ্বাসতন্ত্রের রোগের কমপক্ষে একটি লক্ষণ যেমন, কাশি বা শ্বাসকষ্ট) যার হাসপাতালে ভর্তি প্রয়োজন এবং যার ক্লিনিক্যাল প্রেজেন্টেশন নিশ্চিতভাবে অন্য কোন রোগ দ্বারা ব্যাখ্যা করা যায়না।

✓ সম্ভাব্য রোগী (Probable Case):

- সম্ভাব্য রোগী হল সেই সন্দেহভাজন রোগী যার ক্ষেত্রে কোভিড-১৯ ভাইরাসের পরীক্ষার ফলাফল সুনিশ্চিতভাবে জানা যায়নি।

✓ নিশ্চিত রোগী (Confirmed Case):

- নিশ্চিত রোগী হল সেই রোগী যার ক্ষেত্রে COVID-19 ভাইরাসের উপস্থিতি ল্যাবরেটরি পরীক্ষায় নিশ্চিত ভাবে পাওয়া গিয়েছে, ক্লিনিক্যাল লক্ষণ থাকুক বা না থাকুক।

✓ সংস্পর্শে আসা ব্যক্তি (Contact):

- এমন একজন ব্যক্তি যিনি COVID-19 রোগের নিশ্চিত হওয়া বা সম্ভাব্য রোগীর লক্ষণগুলি প্রকাশ পাওয়ার ১৪ দিনের মধ্যে নিম্নলিখিত যেকোন একটি বিষয়ের সাথে জড়িত ছিলেন-
 - সঠিক নিয়মে ব্যক্তিগত সুরক্ষামূলক সরঞ্জাম (Personal Protective Equipment) ব্যবহার না করে COVID-19 রোগীর সরাসরি পরিচর্যা করেছেন।
 - COVID-19 রোগীর সাথে কোন বদ্ধ পরিবেশে অবস্থান করেছেন) যেমন একই কর্মক্ষেত্র, শ্রেণিকক্ষ, বাসা বা সমাবেশ)
 - COVID-19 রোগীর সাথে কাছাকাছি অবস্থানে (১ মিটারের কম দূরত্বে একসাথে) ভ্রমণ করেছেন।

কাদের ল্যাব পরীক্ষা করা হবে?ঃ



- ✓ যে কোনও সন্দেহভাজন রোগীর (সংজ্ঞা উপড়ে দেখুন) ক্ষেত্রে মলিকুলার (আরটি-পিসিআর) পরীক্ষা করে COVID-19 ভাইরাস এর উপস্থিতি নিশ্চিত করা যেতে পারে। তবে পরীক্ষাটির কার্যকারিতা নির্ভর করে সংক্রমণের তীব্রতার উপর, রোগীর সংখ্যার উপর এবং পরীক্ষাগারের সক্ষমতার উপর।
- ✓ বাংলাদেশে কি এই পরীক্ষাটি হয়?
হ্যাঁ, বাংলাদেশে বর্তমানে শুধুমাত্র মহাখালিস্থ রোগতত্ত্ব, রোগ নিয়ন্ত্রণ ও গবেষণা ইনস্টিটিউটে (আইইডিসিআর) পরীক্ষাটি হয়। তবে এই পরীক্ষাটি করার প্রয়োজন মনে করলে সরাসরি প্রতিষ্ঠানটিতে চলে আসার আগে প্রথমে আইইডিসিআর এর হটলাইন নাম্বার বা জাতীয় স্বাস্থ্য বাতায়ন ১৬২৬৩ বা সরকারি তথ্যসেবা নাম্বার ৩৩৩ এ ফোন করুন।

হালনাগাদ তথ্যের জন্যঃ

<https://apps.who.int/iris/rest/bitstreams/1270873/retrieve>